রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, জুলাই ২৭, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১২ শ্রাবণ ১৪৩২/ ২৭ জুলাই ২০২৫

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.২৪.১৮২—গত ২১ জুলাই ২০২৫ তারিখে ঢাকার উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান বাহিনীর এফ-৭ বিজিআই বিমান বিধ্বস্ত হয়। এই মর্মান্তিক দুর্ঘটনায় বিমানটির চালকসহ উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও শিক্ষিকা হতাহতের ঘটনায় উপদেষ্টা পরিষদ গভীর শোক ও দুঃখ প্রকাশ করছে। মর্মান্তিক এ দুর্ঘটনায় আহতদের দেশে-বিদেশে উন্নত চিকিৎসাসহ আনুষঙ্গিক ব্যয়ভার সরকার বহন করবে। এ দুর্ঘটনায় যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন তাদের শারীরিক ও মানসিক সুস্থতা নিশ্চিতকরণে সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

২। বিমান দুর্ঘটনায় নিহতদের রূহের মাগফেরাত ও আহতদের সুস্থতা কামনায় গত ২৫ জুলাই ২০২৫ তারিখে বাংলাদেশের সকল মসজিদে বিশেষ দোয়া এবং অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়। শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে উপদেষ্টা পরিষদের ৯ শ্রাবণ ১৪৩২/ ২৪ জুলাই ২০২৫ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। উপদেষ্টা পরিষদের বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

## উপদেষ্টা পরিষদের শোকপ্রস্তাব

ঢাকা: ৯ শ্রাবণ ১৪৩২ / ২৪ জুলাই ২০২৫

গত ২১ জুলাই ২০২৫ তারিখে ঢাকার উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান বাহিনীর এফ-৭ বিজিআই বিমান বিধ্বস্ত হয়। এই মর্মান্তিক দুর্ঘটনায় বিমানটির চালকসহ উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও শিক্ষিকা হতাহতের ঘটনায় উপদেষ্টা পরিষদ গভীর শোক ও দুঃখ প্রকাশ করছে। উপদেষ্টা পরিষদ বিমান দুর্ঘটনায় নিহতদের রূহের মাগফেরাত কামনা করছে এবং তাদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে। মর্মান্তিক এ দুর্ঘটনায় আহতদের দেশে-বিদেশে উন্নত চিকিৎসাসহ আনুষঙ্গিক ব্যয়ভার সরকার বহন করবে। এ দুর্ঘটনায় যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন তাদের শারীরিক ও মানসিক সুস্থতা নিশ্চিতকরণে সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd